


বাংলা কথাসাহিত্যে  
ত্রয়ী বঙ্গোপাখ্যায়

সম্পাদনা

অক্ষয় গাঙ্গুল



বাংলা কথাসাহিত্যে ত্রী বন্দ্যোপাধ্যায়  
অরুণ পাল সম্পাদিত

প্রথম প্রকাশ : ডিসেম্বর, ২০২০

ISBN : 978-93-948345-1-9

সম্পাদক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং সম্পাদকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

সোম পাবলিশিং-এর পক্ষে ২১, কানাই ধর লেন, কলকাতা ৭০০০১২

থেকে সর্বনী কুশারী কর্তৃক প্রকাশিত এবং

শরণ ইম্প্রেশনস প্রাইভেট লিমিটেড, ১৮ বি, শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা ৭০০০৭৩

থেকে মুদ্রিত।

প্রচ্ছদ : রোচিষ্ণু সান্যাল

'Bangla Kathasahitya Trayee Bandyopadhyay'

A book on

"Collection of selected research articles on bengali fiction"

edited by Arup Pal

Published by Som Publishing

21, Kanai Dhar Lane, Kolkata 700 012

Ph - 8697267510, 9874094834

Email : sompublishing16@gmail.com

মূল্য : ২৪৯.০০

## সূচিপত্র

- মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুল নাচের ইতিকথা': প্রেম-অপ্রেমের বিচিত্র তরঙ্গভঙ্গ  
পবিত্র বিশ্বাস ১১
- তারাক্ষরের 'বেদনী': পিপাসা হায়...  
প্রীতম চক্রবর্তী ১৮
- ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে বারাক্ষর নারী চরিত্র : একটি পর্যালোচনা  
বিপুল পাল ২৪
- ছিনিয়ে খায়নি কেনঃ দুর্ভিক্ষের এক অনুরূপ ছবি  
রোকেয়া পারভীন ৩৩
- তারাক্ষরের বন্দ্যোপাধ্যায়ের 'মধুস্তর' উপন্যাসে তেতাল্লিশের মর্মস্বন্দ চিত্র  
মুস্তাক আহমেদ ৩৯
- বিভূতিভূষণের ছোটগল্পে বিবিধ পেশার মানুষের জীবন চিত্র  
সুমনা ঘোষ ৪৪
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প : লোকায়ত জীবনের প্রতিচ্ছবি  
জয়া ধীর ৪৯
- পল্লী ও নগর জীবনের দ্বন্দ্ব : প্রেক্ষিত বিভূতিভূষণের ছোটগল্প (নির্বাচিত)  
বাণিকা বিশ্বাস ৫৬
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ছোটগল্প পুঁইমাচাঃ সমাজবাস্তবতা  
পিংকি বর্মণ ৬১
- ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস : বিশিষ্ট জীবন দর্শন ও সাহিত্য বৈশিষ্ট্য  
সাগর সরকার ৬৬
- তারাক্ষরের 'কালাপাহাড়' : মানবের প্রাণির প্রেমোন্মত্ততা  
দয়াময় কাঁড়ি ৭৬
- মানিক বন্দ্যোপাধ্যায়ের শিল্পী : শিল্পীর শিল্পচেতনা  
আজিজুল হক ৮১

## ছিনিয়ে খায়নি কেন : দুর্ভিক্ষের এক অন্যান্যরূপ ছবি

রোকেয়া পারভীন

পঞ্চাশের মম্বন্তরকে কেন্দ্র করে বাংলা সাহিত্যে অনেক রচনা রয়েছে। রচয়িতরা প্রায় ছিলেন মম্বন্তরের প্রত্যক্ষদর্শী। তাদের মনে পঞ্চাশের মম্বন্তর প্রবলভাবে নাড়া দেয়। বিবেকের তাড়নায় তাঁরা কলাম ধরে সমাজের দায়বদ্ধতা পালন করেছিলেন। এই মম্বন্তরের প্রভাব অন্যান্য সাহিত্যের মতো উপন্যাস ও ছোটগল্পের মধ্যেও ছাপ ফেলেছে। মানব জীবনের বাস্তব রূপের প্রতিচ্ছবি কথাসাহিত্যে উঠে এসেছে। তবে উপন্যাস থেকে ছোটগল্পের সংখ্যা বেশি। মম্বন্তর জনিত বিপর্যয়ের সন্মুখীন হয়ে গল্পকারেরা সরব হয়ে লেখনী ধারণ করেছেন। তৎকালীন চরম সংকটময় পরিস্থিতি গল্পের আঁধারে তুলে ধরেছেন। যে সমস্ত ছোটগল্পকারেরা এই সময়ের বিপর্যস্ত মানব জীবনের ছবি গল্পে রূপদান করেছেন, তাদের মধ্যে অন্যতম হলেন মানিক বন্দ্যোপাধ্যায়। তাঁর প্রকৃত নাম প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায়। ১৯০৮ খ্রীষ্টাব্দের ৯ ই মে সাঁওতাল পরগনার দুমকায় তাঁর জন্ম। পিতা হরিহর বন্দ্যোপাধ্যায়, মাতা নীরদাসুন্দরী দেবী। সাহিত্যের নেশায় প্রথাগত শিক্ষা থেকে ক্রমশই দূরে সরে আসেন এবং একের পর এক অসাধারণ লেখা তাঁর কলম থেকে বেরুতে থাকে। যা বাংলা সাহিত্যকে কতটা বলিষ্ঠতা দান করেছে, তা বলার অপেক্ষা রাখে না। প্রথম দিকের রচনায় ফয়জীয় দর্শন ও মার্কসবাদ তাঁর লেখনীতে উঠে এসেছে। এরপর হল দ্বিতীয় বিশ্বযুদ্ধ। এর ফলে তাঁর চারপাশে দেখলেন অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক বিপর্যয়। ফলে সমাজ সচেতন মানিকের লেখনীর ধারাও পাল্টে গেল।

সমাজ সচেতন কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায় পঞ্চাশের মম্বন্তর দ্বারা কতটা প্রভাবিত হয়েছিলেন, তার বড় প্রমাণ তাঁর মম্বন্তর আশ্রয়ী অসাধারণ গল্পগুলি। এইসব গল্পে মানুষের দুর্ভিক্ষকালীন বিভিন্ন দুর্ভোগ, দুঃখ, যন্ত্রণা, মূল্যবোধের অবক্ষয়, নৈতিক অধঃপতন ইত্যাদি দিকগুলি দেখতে পাওয়া যায়। পঞ্চাশের মম্বন্তর নিয়ে সব থেকে বেশি সংখ্যক গল্প লিখেছেন মানিক। সমালোচক নিতাই বসু বলেছেন,—

“গল্পকার হিসেবে মানিকের প্রতিভা রয়েছে, যুদ্ধ ও দুর্ভিক্ষ বিধ্বস্ত গ্রাম বাংলার নিঃস্ব-রিক্ত মৃতকল্প চেহারার সুনিপুন বিশ্লেষণে।”

দুর্ভিক্ষ আশ্রয়ী অধিকাংশ গল্পেই মানিক তাঁর অসাধারণ লেখনী শক্তির পরিচয় দিয়েছেন, তাতে কোন সন্দেহ নেই। সমালোচকের ভাষায়—

“এই পর্বে মানিক বাবু সর্বাধিক সমাজ সচেতন, সমকালীন হুমছাড়া জীবনের দরদী কথা চিত্রকার।”